



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০



ফোন: ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাইল: ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ‘ছাত্র পরামর্শ ও অনুপ্রেরণা’ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৭ জুন ২০২২খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছাত্র পরামর্শ ও অনুপ্রেরণা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ০৭ জুন ২০২২ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ কর্মশালার উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, কাউন্সিলিং এবং মৌটিভেশন মানসিক চাপকে কমিয়ে দেয়। হতাশ না হয়ে জীবনকে উপভোগ করতে শিখতে হবে। জীবনে সমস্যা থাকবেই। পারস্পারিক আলোচনার মাধ্যমে তার সমাধান করতে হবে। একে আপরের প্রতি সহমর্মী ও সহমশীল হতে হবে। সমাজ পরিবর্তনে একজন চেইঞ্চ এজেন্ট হিসেবে ভূমিকা রাখতে হবে এবং সকলে একসাথে মিলেমিশে এগিয়ে যেতে হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা কেন্দ্র আয়োজিত কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভুঁইয়া। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা কেন্দ্রের পরিচালক ড. তারেক মাহমুদ আবীর। শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে আয়োজিত কর্মশালায় প্রধান আলোচক ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাইকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক তানজীর আহমেদ তুষার। এছাড়াও দিনব্যাপী এ কর্মশালায় আরও আলোচনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, প্রক্টর ড. মোঃ খোরশেদ আলম, ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশ্বাস ও উপ-পরামর্শ নিয়ন্ত্রক সায়যাদ উল্লাহ মোঃ ফয়সাল। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২৪টি বিভাগের ৪৮ জন ছাত্র উপদেষ্টা ও ২৪টি বিভাগের ২জন করে শিক্ষার্থী প্রতিনিধি উপস্থিত ছিলেন। এছাড়াও কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার, দণ্ড প্রধানসহ কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। এদিকে সন্ধ্যা ৭ টায় বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হলে অনুষ্ঠিত হবে মানসিক স্বাস্থ্য সচেতনতামূলক আলোচনা সভা। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। শেখ হাসিনা হলের প্রতোষট ড. রেহানা পারভীনের সভাপতিত্বে বিশেষ অতিথি থাকবেন ট্রেজারার অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভুঁইয়া এবং মুখ্য আলোচক থাকবেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক তানজীর আহমেদ তুষার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস